

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩৬

১০-০৬-১৪২১ বাং
তারিখ : -----
২৫-০৯-২০১৪ খ্রিঃ

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে “হিমায়িত অন্যান্য মাছ” রপ্তানি আয়ের
বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে জুলাই ০৩, ২০১৪ তারিখে জারীকৃত এফই সার্কুলার নং ২৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী জুলাই ০১, ২০১৪ হতে জুন ৩০, ২০১৫ সময়কালে জাহাজীকৃত হিমায়িত
অন্যান্য মাছ রপ্তানি আয়ের বিপরীতে ৫% (পাঁচ শতাংশ) হারে নগদ সহায়তা পরিশোধ্য হবে ।

০৩। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে সার্কুলার পত্র নং এফইপিডি
(কম) ২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১ তারিখ জুন ০৩, ২০০৩ এ জ্ঞাপিত নির্দেশনার আলোকে ইউনিট (পাউন্ড)
প্রতি এফওবি মূল্যের সিলিং/সীমা নির্ধারিত হবে । উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনাসহ হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ
রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধ সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য অপরাপর
নির্দেশনাসমূহও যথারীতি অপরিবর্তিত থাকবে ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০